**৬-১০ জানুয়ারি ২০১৪ মহামান্য ভুটান রাজা জিগমে খেশর নামগিয়াল ওয়াংচুকের সরকারি ভারত সফর উপলক্ষ্যে জারি যৌথ সংবাদ বিবৃতি**

১. রাষ্ট্রপতি শ্রী প্রণব মুখার্জির আমন্ত্রণে মহামান্য ভুটানের রাজা ও মহারাণী ৬-১০ জানুয়ারি ভারতে সরকারি সফর করেন। স্বরাষ্ট্রমন্ত্রী লিওনপো ডামচো দোরজি,বিদেশমন্ত্রী লিওনপো রিনঝিন দোরজি,আর্থিক বিষয়ক মন্ত্রী লিওনপো নোরবু ওয়াংচুক এবং ভুটান রাজতন্ত্র সরকারের উচ্চপদস্থ অফিসাররা মহামান্য রাজা-রাণীর সফরসঙ্গী হয়েছেন।

২. এই সফরে মহামান্য রাজা ও রাণী ভারতের রাষ্ট্রপতি  শ্রী প্রণব মুখার্জির সংগে মিলিত হন এবং অভিন্ন স্বার্থের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। রাষ্ট্রপতি ভবনের অতিথি ভবনের সংস্কারের পরে প্রথম অতিথি হিসাবে তাঁদের আমন্ত্রণ জানানোয় মহামান্য রাজা ও রাণী  রাষ্ট্রপতির কাছে গভীর সন্তোষ প্রকাশ করেন ।রাষ্ট্রপতি তাঁদের সম্মানার্থে এক ভোজসভার আয়োজন করেন।

৩. ভারতের উপরাষ্ট্রপতি শ্রী হামিদ আনসারি,ইউপিএ চেয়ারপার্সন শ্রীমতী সোনিয়া গান্ধি, অর্থমন্ত্রী শ্রী পি চিদাম্বরম,স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী সুশীল কুমার সিন্ধে, পররাষ্ট্রমন্ত্রী শ্রী সলমন খুরশিদ,শিল্প ও বাণিজ্যমন্ত্রী শ্রী আনন্দ শর্মা,রাজ্যসভার বিরোধি দলের নেতা শ্রী অরূণ জেটলি, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা শ্রী শিব শংকর মেনন এবং বিদেশ মন্ত্রকের সচিব শ্রী মতী সুজাতা সিং মহামান্য রাজার সংগে সাক্ষাৎ করেন।

৪.মহামান্য রাজা ভারতের প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং-এর সংগে বিস্তারিত আলোচনা করেন। প্রধানমন্ত্রী মহামান্য রাজা ও রাণীর সম্মানার্থে  মধ্যাহ্ন ভোজের আয়োজন করেন। উভয় নেতা অভিন্ন স্বার্থের দ্বিপাক্ষিক, আঞ্চলিক ও আর্ন্তজাতিক বিষয়ে মত বিনিময় করেন। তাঁরা উভয়. দেশের মধ্যের ঐতিহাসিক বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও সমঝোতা  স্মরণ করেন। উভয় দেশের মধ্যেকার চমৎকার দ্বিপাক্ষিক সম্পর্কের বর্তমান অবস্থা বিষয়ে মহামান্য রাজা ও প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন এবং সেই সম্পর্ক দৃঢ় করা নিয়ে উভয়েই প্রতিশ্রুতিবদ্ধ হন। ভুটানের জন্য ভারতের অমুল্য সহযোগিতা ও সমর্থন বিষয়ে মহামান্য রাজা ভুটানের জনসাধারণের সন্তোষের কথা জানান।

৫. অত্যন্ত উষ্ণ ও বন্ধুত্বপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত বৈঠকে পারস্পরিক আস্থা, সহযোগিতা এবং বোঝাপড়ার অনুভূতি ব্যাকত হয়। এটাই ভারত ও ভুটানের মধ্যেকার দ্বিপাক্ষিক সম্পর্কের বৈশিষ্ট্য। ভারতের প্রধানমন্ত্রী এবং অন্যান্য নেতারা ভুটানের আর্থ-সামাজিক উন্নয়ন ও জলবিদ্যুত সম্পদের বিকাশের লক্ষ্যে তাঁদের দায়বদ্ধতার প্রতিস্রূতি দেন।

৬. ভুটানের মহামান্য রাজা ও রাণী উষ্ণ অভ্যর্থনা এবং তাঁদের ও প্রতিনিধিদের সৌজন্যময় আথিতেয়তা প্রদানের জন্য ভারত সরকার এবং ভারতের জনসাধারণের প্রতি গভীর সন্তোষ প্রকাশ করেন। এই সফর উভয় দেশের মধ্যেকার প্রথাগত উচ্চস্তরীয় বিনিময় এবং ভারত ও ভুটানের মধ্যে যে বিশেষ সম্পর্ক রয়েছে তাকেই দৃঢ় করার অভিব্যাকতিকে পুনঃপ্রতিষ্ঠিত করে।

**নয়াদিল্লি**

**৯ জানুয়ারি ২০১৪**